

**এইচএসসি আলিম পরীক্ষা  
দ্বিতীয় দিনে ১ শিফক ও  
১৪৪ পরীক্ষার্থী বহিষ্কার  
অনুপস্থিত-৪ সহস্রাধিক**

**স্টাফ রিপোর্টার**

সারাদেশের দশটি শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি, এইচএসসি (ব্যবসায়/ব্যবস্থাপনা), আলিম পরীক্ষার দ্বিতীয় দিন গতকাল (রোববার) অতিবাহিত হয়েছে। এদিন ৮টি সাধারণ শিক্ষা বোর্ডের অধীনে ইংরেজী দ্বিতীয় পত্র, কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে ইংরেজী চতুর্থ পত্র এবং মাদ্রাসা বোর্ডের অধীনে আসিমে হাদীস ও উসুল হাদীস পরীক্ষা অনুষ্ঠিত হয়। শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণ কক্ষের হিসাব অনুযায়ী, দশটি শিক্ষা বোর্ডে

**দ্বিতীয় দিনে ১ শিফক ও  
১৬-এর পূর্কার পর**

দ্বিতীয় দিনের পরীক্ষায় অনুপস্থিত অবলম্বনের মাঝে বহিষ্কার হয়েছে ১৪৪ জন পরীক্ষার্থী। এর মধ্যে ৮টি সাধারণ শিক্ষা বোর্ডে বহিষ্কার হয়েছে ৫১ জন। ঢাকা বোর্ডে ১৫ জন, কুমিল্লা বোর্ডে ২ জন, যশোর বোর্ডে ৬ জন, রাজশাহী বোর্ডে ৫ জন, চট্টগ্রাম বোর্ডে ৩ জন, সিলেট বোর্ডে ১ জন, বরিশাল বোর্ডে ৯ জন এবং মিনারপুর বোর্ডে ১০ জন। মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত আলিম পরীক্ষায় বহিষ্কার হয়েছে ৭ জন পরীক্ষার্থী ও ১ জন শিফক। ফার্মি পরীক্ষায় কোন বহিষ্কারের খবর পাওয়া যায়নি। কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত পরীক্ষার দ্বিতীয় দিনে বহিষ্কার হয়েছে ৮৬ জন পরীক্ষার্থী।

দশটি বোর্ডে দ্বিতীয় দিনে ৪ হাজার ২২৮ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। এর মধ্যে ঢাকা বোর্ডে ১ হাজার ২০০ জন, কুমিল্লা বোর্ডে ২০০ জন, যশোর বোর্ডে ৩০১ জন, রাজশাহী বোর্ডে ৪৮৬ জন, চট্টগ্রাম বোর্ডে ৪০৬ জন, সিলেট বোর্ডে ২৫৩ জন, বরিশাল বোর্ডে ২৭১ জন, মিনারপুর বোর্ডে ২২০ জন ও কারিগরিতে ৩০২ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল। মাদ্রাসা বোর্ডে ২৪৮ জন পরীক্ষার্থী পরীক্ষায় অনুপস্থিত ছিল। এর মধ্যে আসিমে ২৩৪ জন এবং ফার্মিতে ১৪ জন। দ্বিতীয় দিনে কোথাও কোন অস্বাভাবিক ঘটনা ঘটেনি। তবে দারিদ্র্য অবস্থার কারণে মাদ্রাসা বোর্ডের একজন শিফককে বহিষ্কার করা হয়েছে।

শিক্ষা মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, এবার দেশের ৭ হাজার ২৩৭টি প্রতিষ্ঠানের পরীক্ষার্থীরা ১ হাজার ৯১৯টি কেন্দ্রে পরীক্ষা দিচ্ছে। অটমি সাধারণ শিক্ষাবোর্ডে পরীক্ষায় অংশ নিচ্ছে ৪ লাখ ৯৪ হাজার ৮০০ জন। মাদ্রাসা শিক্ষা বোর্ডে ৫৯ হাজার ০৫৪ জন এবং কারিগরি শিক্ষা বোর্ডে ৬৪ হাজার ১২১ পরীক্ষার্থী এবারের পরীক্ষায় অংশ নিচ্ছে। এছাড়া জেকা, প্রিভাস, সত্যার, আবুধাবী ও হিপলীতে অবস্থিত ৫টি বিদেশী কেন্দ্রে থেকে এবার ১৭০ জন পরীক্ষার্থী পরীক্ষা দিচ্ছে। মোট পরীক্ষার্থীদের মধ্যে ৫৫ শতাংশ ১৭ শতাংশ ছাত্র ও ৪৫ শতাংশ ছাত্রী।